প্রৌঢ়কে সন্দেহের বশে খুনের অভিযোগ ভাই ও ভাইপোর বিরুদ্ধে

মিঠুন হালদার, মুর্শিদাবাদ, ১১ ডিসেম্বর ঃ গাছ থেকে বেগুন তুলে রান্না করে খেয়েছেন এই সন্দেহে এক ব্যক্তিকে লোহার রড এবং বাঁশ দিয়ে পিটিয়ে খুন করার অভিযোগ উঠল তাঁর নিজের ভাই এবং ভাইপোর বিরুদ্ধে। মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকালে মুর্শিদাবাদের জলঙ্গি থানার অন্তর্গত বিদুপুর কলোনি গ্রামে। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত ওই ব্যক্তির নাম শাহজামাল মন্ডল (৫০)। গুরুতর আহত অবস্থায় শাহজামালকে স্থানীয় সাদিখানদিয়ার হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। এই খুনের ঘটনার পর থেকে শাহজামালের ভাই এবং ভাইপো যথাক্রমে আশরাফুল শেখ এবং এনামুল শেখ পলাতক বলে পুলিশ সূত্রের খবর। জলঙ্গি থানার এক আধিকারিক জানান, প্রাথমিক তদন্তে আমরা জানতে পেরেছি গোটা ঘটনাটি ক্ষণিকের বচসা থেকে শুরু হয়। মারামারির ঘটনাটি যখন ঘটে সেই সময় মৃতের এক বোন ঘটনাস্থলে উপস্থিত ছিলেন। তিনি দুই ভাইকে ছাড়াতে গেলে তাঁকেও অল্পবিস্তার মারধর করা হয় বলে পুলিশ জানতে পেরেছে। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, ঝগড়ার সময় হঠাৎ করে আশরাফুল এবং এনামুল, শাহজামালকে বাঁশ এবং লোহার রড দিয়ে মারতে থাকে। আহত হয়েছে শাহজামাল পড়ে গেলে তাঁকে গ্রামবাসীরা হাসপাতালে নিয়ে যায়। স্থানীয় সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে শাহজামালের মানসিক সমস্যা রয়েছে। বেশ কিছুদিন আগে শাহজামালের স্ত্রীর এই কারণে তাঁকে ছেড়ে অন্যত্র বিয়ে করে নিয়েছেন। শাহজামালের এক ছেলেও বর্তমানে বিয়ে করে অন্যত্র থাকেন। বিদুপুর কলোনি গ্রামে বর্তমানে শাহজামাল একাই বাড়িতে থাকেন। আংশিক মানসিক ভারসাম্যহীন শাহজামাল প্রতিদিন সকালে বাড়ি থেকে বেরিয়ে পড়তেন এবং বিভিন্ন এলাকায় ঘুরে ঘুরে মাছ ধরতেন। এরপর দিনের শেষে যে যা দিত তাই খেয়ে রাতে ঘুমিয়ে পড়তেন। স্থানীয় বাসিন্দারা আরও জানিয়েছেন, যে বেগুন গাছটিকে নিয়ে শাহজামালের সঙ্গে তাঁর ভাই এবং ভাইপোর ঝগড়া সেই গাছটির মালিক তিনজনের মধ্যে কেউ নয়। বেগুন গাছটি শাহজামালের বড় দাদা নাজির শেখের জমিতে হয়েছে। গত কয়েকদিন ধরে ওই গাছে কয়েকটি ছোট ছোট বেগুন ধরেছে। নিজের বাড়ির গাছের বেগুন ভেজে খাবেন এই পরিকল্পনা শাহজামাল, এনামুল, আশরাফুল সকলেই করেছিলেন। বৃহস্পতিবার সকালে বেগুন গাছে একটি বেগুন কম দেখতে পেয়ে আশরাফুল এবং এনামুলের মনে সন্দেহ হয় সেই বেগুনটি বুধবার রাতে শাহজামাল রান্না করে খেয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার সকালে তাদের মধ্যে বচসা বেঁধে যায়। সেই সময়েই শাহজামালের উপর হামলা হয়েছে বলে অভিযোগ। স্থানীয় বাসিন্দা আক্কাস আলী মন্ডল বলেন, ওই গাছ থেকে আদৌ বেগুন তোলা হয়েছিল কি না সেই বিষয়ে আমরা কেউই নিশ্চিত নই। আজ সকালে আমি যখন চায়ের দোকানে বসেছিলাম সেই সময় কয়েকজন খবর দেয় শাহজামালকে মারধর করা হচ্ছে। এরপর গ্রামবাসীরা তাঁকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করলে সেখানে মৃত্যু হয় শাহজামালের। পরিবারের দুই সদস্য আশরাফুল এবং এনামুল তাঁকে লোহার রড এবং বাঁশ দিয়ে মারধর করেছে।

বুনো হাতির হানা! তছনছ করছে ফসল

নিজস্ব প্রতিনিধি, পুরুলিয়া, ১১ ডিসেম্বর ঃ বুনো হাতির আতঙ্কে ঝাড়খন্ড-বাংলা সীমান্তবর্তী ঝালদা ও বাঘমুন্ডি রেঞ্জের মধ্যে খামার ও কালিমাটি বীট এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। বিগত বেশ কিছুদিন ধরে জঙ্গল লাগোয়া বিভিন্ন এলাকায় ঘোরাফেরা করছে বুনো দাঁতালের দল। যেখানে-সেখানে চাষের জমিতে তাণ্ডব চালাচ্ছে তারা। ইতিমধ্যেই হেসলা, কর্মাডি, পুস্তি সহ বিভিন্ন এলাকায় তাণ্ডব চালানো হয়ে গেছে। এবার নেওয্যাডি গ্রামে চাষের জমিতে হানা দিল তারা। এতেই কপি, পালং শাক, টমেটো, বিনস সহ বিভিন্ন সবজির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। মাথায় হাত পরেছে চাষীদের। ক্ষতি কীভাবে সামাল দেবেন তা বুঝে উঠতে পারছে না কৃষকরা। এই বিষয়ে এলাকার চাষীরা বলেন, হঠাৎ করেই দেখেন আনুমানিক ৭-৮ টি হাতির একটি দল এলাকায় তাণ্ডব চালাচ্ছে। জমির ফসল নষ্ট করে দিচ্ছে হাতিগুলি। সেই দলে ছোট শাবকও রয়েছে। হাতির তাণ্ডবে বিপাকে পড়তে হয়েছে, আর্থিক ক্ষতির মুখে পড়েছেন কৃষকরা। এই ক্ষয়ক্ষতির জন্য ক্ষতিপূরণের দাবি করছেন তাঁরা। বুনো হাতির দাপটে ব্যাপক ক্ষতির মুখে পড়তে হয়েছে বাঘমুন্ডি বনাঞ্চলের বিভিন্ন এলাকার মানুষদের। এই হাতির দল গোটা এলাকায় দাপিয়ে বেড়াচ্ছে। এতে গোটা এলাকা জুড়ে আতঙ্ক সৃষ্টি হয়েছে। যদিও বনবিভাগের পক্ষ থেকে সমস্ত দিক থেকেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গ্রামে, গ্রামে মাইকিং করে প্রচার করা হচ্ছে।

মহাকাল সাফারির সময় পরিবর্তন

নিজস্ব প্রতিনিধি, কালচিনি, ১১ ডিসেম্বর ঃ জঙ্গল খোলার প্রায় দুমাসেরও বেশি সময় পর চালু হয়েছে বক্সা ব্যাঘ্র প্রকল্পের মহাকাল সাফারি। তবে এই সাফারির সময় পরিবর্তিত হওয়ার কারণে পুরোপুরি খুশি হতে পারছেন না পর্যটক থেকে শুরু করে বনের গাইড এবং পর্যটন ব্যবসায়ীরা। জয়ন্তী নদী ও পাহাড়ের গাঁ ঘেঁষে চলে মহাকালের সাফারি। পর্যটকদের অত্যন্ত পছন্দের একটি সাফারি এটি। বর্তমানে ডুয়ার্স তথা আলিপুরদুয়ার জেলা জুড়ে ঝকঝকে আকাশ, ঠান্ডার আমেজ রয়েছে। জেলার বিভিন্ন প্রান্ত থেকে দেখা মিলছে বক্সা ও ভুটান পাহাড় চূড়ার। এই সময় মহাকাল সাফারির উপযুক্ত সময়। জঙ্গল খোলার পর যদিও বন্ধ ছিল সাফারি। দীর্ঘ অপেক্ষা শেষে মহাকাল সাফারি খুলে যাওয়ার খুশি পর্যটন ব্যবসায়ীরা। মহাকাল সাফারি চালু হলেও এখনও বন্ধ রয়েছে বক্সার চুনিয়া সাফারি। যদিও, সেটি শীঘ্রই খুলবে বলে বনদফতরের তরফে জানানো হয়। পাশাপাশি, মহাকাল সাফারির সময়ও পরিবর্তিত হয়েছে বলে দাবি পর্যটন ব্যবসায়ীদের। তাদের দাবি, পূর্বে সকাল থেকে বিকেল পর্যন্ত এই সাফারি চালু থাকলেও, এখন সকাল ৬টা থেকে ১১টা এবং দুপুর ২.৩০ থেকে বিকেল ৫ টা পর্যন্ত চালু থাকবে এই সাফারি। যা নিয়ে কিছুটা অসন্তুষ্ট স্থানীয় গাইড থেকে শুরু করে পর্যটকরা। তাঁদের কথায়, মহাকালে শুধু সাফারি নয়, অনেকে পাহাড়ে শিব মন্দিরে পুজো দিতেও আসেন। ফলে অন্যান্য সাফারির চেয়ে কিছুটা সময় সাপেক্ষ এই সাফারি। ফলে নির্দিষ্ট কোনও সময় ধরে না দিয়ে সকাল থেকে বিকেল পর্যন্ত এই সাফারি খোলা রাখলে পর্যটকদের অনেকটাই সুবিধা হবে।

পূর্ব বর্ধমানে বাড়ছে বুথের সংখ্যা, বিশেষ পর্যবেক্ষকের নির্দেশে নতুন পাঁচটি বুথ নির্মাণের প্রস্তুতি

সুজিত দত্ত, বর্ধমান, ১১ ডিসেম্বর ঃ এসআইআর কাজের তদারকি করতে এসে পূর্ব বর্ধমানে নতুন বুথ নির্মাণের নির্দেশ দিলেন নির্বাচন কমিশনের বিশেষ পর্যবেক্ষক কৃষ্ণকুমার নীরালা। ১৬ ডিসেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশের আগেই এই নির্দেশ কার্যকর করতে হবে বলে প্রশাসনকে জানিয়ে দেন তিনি। বৃহস্পতিবার জেলার বিভিন্ন এলাকা পরিদর্শন করেন বিশেষ পর্যবেক্ষক। জেলাশাসক আয়েষা রানী এ (আই এ এস) সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিক, বিএলও এবং রাজনৈতিক দলের বিএলএ-২ প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন তিনি। বৈঠকে এসআইআর সংক্রান্ত কাজের খতিয়ান, মাঠপর্যায়ের পরিস্থিতি এবং বুথ সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয়। বৈঠকের যাবতীয় নথি ও ছবি নির্দিষ্ট ওয়েবসাইটে আপলোড করার নির্দেশও দেন পর্যবেক্ষক। বর্তমানে পূর্ব বর্ধমানে মোট বুথ সংখ্যা ৪,৫০৬। ভোটার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় এবার জেলায় আরও ৬৫২ টি নতুন বুথ গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তার মধ্যে অবিলম্বে পাঁচটি বুথ তৈরি করার নির্দেশ দিয়েছেন পর্যবেক্ষক কৃষ্ণকুমার নীরালা। সূত্রের খবর, চলতি বছরের জুন মাসেই পূর্ব বর্ধমানে বুথ বাড়ানোর পরিকল্পনার কথা কমিশন জানিয়েছিল। বুধবারের বৈঠকে সেই সিদ্ধান্ত চূড়ান্ত বলে জানিয়ে দেন পর্যবেক্ষক। বৃহস্পতিবার তিনি জেলাশাসক ও আধিকারিকদের নিয়ে গুসকরা,

আউশগ্রামসহ জঙ্গমহলের নানা অঞ্চল ঘুরে দেখেন। সংশ্লিষ্ট সকলের সঙ্গে কথা বলে নতুন বুথ তৈরির প্রয়োজনীয়তা যাচাই করেন। পর্যবেক্ষক স্পষ্ট জানিয়েছেন- আগামী মঙ্গলবারের মধ্যে নতুন বুথ গঠনের কাজ শেষ করতে হবে। প্রয়োজনে যেখানে ভোটার সংখ্যা বেশি, সেখানে পুরনো বুথের পাশেই নতুন বুথ তৈরি করা হবে। পূর্ব বর্ধমান প্রশাসন ইতিমধ্যেই নির্দেশ অনুযায়ী কাজ শুরু করেছে।

যানজট-যাত্রী অসুবিধা থেকে মুক্তি চাই! স্থায়ী বাসস্ট্যান্ডের দাবিতে সরব আড়ষাবাসী

মলয় দত্ত, পুরুলিয়া, ১১ ডিসেম্বর ঃ পুরুলিয়া জেলার গুরুত্বপূর্ণ একটি ব্লক আড়ষা। নিত্য প্রয়োজনে বা কর্মসূত্রে বহু মানুষ আড়ষা থেকে পুরুলিয়া আসেন। আবার অনেককে পুরুলিয়া থেকে আড়ষা যাতায়াত করতে হয়। এছাড়া মুরগুমা পর্যটন কেন্দ্র যেতে গেলে আড়ষা হয়েই যেতে হয় পর্যটকদের। সেই সঙ্গেই অযোধ্যা পাহাড় যাওয়ার শর্টকাট রাস্তাও এই আড়ষা হয়েই। কিন্তু তা সত্ত্বেও গুরুত্বপূর্ণ এই ব্লকের কোনও স্থায়ী বাসস্ট্যান্ড নেই। শীত, গ্রীষ্ম, বর্ষা সবসময়েই রাস্তার উপর দাঁড়িয়ে থাকতে হয় যাত্রীদের। রাস্তার যেখানে সেখানে বাস দাঁড়িয়ে পড়ে। এতে যানজটেরও সৃষ্টি হয়। নানা সমস্যার সম্মুখীন হতে হয় যাত্রীদের। অসুবিধায় পড়তে হয় পর্যটকদেরও। তাই এলাকাবাসীরা চাইছেন, আড়ষায় স্থায়ী একটি বাসস্ট্যান্ড তৈরি করা হোক। যাতে প্রতিনিয়ত যাতায়াতের ক্ষেত্রে তাঁদের সুবিধা হয়। এই বিষয়ে স্থানীয় বাসিন্দারা বলেন, স্থায়ী বাসস্ট্যান্ড না থাকার কারণে তাঁদের অনেক সমস্যার মধ্যে পড়তে হয়। ঝড়-বৃষ্টি বা শীতের দিনে রাস্তায় দাঁড়িয়ে থাকতে হয় বাসের জন্য। এছাড়া যেখানে সেখানে বাস দাঁড়িয়ে গেলে যানজটেরও সৃষ্টি হয়। এই রাস্তার উপর দিয়ে প্রায় ১০-১২টি গ্রামের মানুষ নিত্য যাতায়াত করেন। এছাড়াও অযোধ্যা পাহাড়ে যাতায়াতের জন্য বহু মানুষ এই রাস্তার উপর নির্ভরশীল। তাই তাঁরা চাইছেন, তাঁদের এলাকায় একটি স্থায়ী বাসস্ট্যান্ড গড়ে উঠুক। এই বিষয়ে পুরুলিয়া জেলা পরিষদের সভাধিপতি নিবেদিতা মাহাতো বলেন, আড়ষা একটি গুরুত্বপূর্ণ এলাকা। বহু মানুষ এই এলাকার উপর দিয়ে মুরগুমা জলাধার ও অযোধ্যা পাহাড়ে বেড়াতে যান। গুরুত্বপূর্ণ এই এলাকায় যদি বাসস্ট্যান্ড হয় তাহলে বহু মানুষ উপকৃত হবে। এলাকাবাসীরা লিখিতভাবে জেলা পরিষদের আবেদন জানালে বিষয়টি খতিয়ে দেখবে জেলা পরিষদ। আড়ষা এলাকায় বাসস্ট্যান্ড তৈরি হলে বহু মানুষ উপকৃত হবেন। ইতিমধ্যেই প্রশাসনের কাছে বাসস্ট্যান্ড তৈরির আবেদনও জমা করা হয়েছে। স্থায়ী বাসস্ট্যান্ডের আশায় দিন গুনছে আড়ষাবাসী।

সুন্দরবনের ধাঁচে উত্তরবঙ্গের প্রথম নিরাপত্তা বেষ্টনী

নিজস্ব প্রতিনিধি, জলপাইগুড়ি, ১১ ডিসেম্বর ঃ সুন্দরবনের ধাঁচে উত্তরবঙ্গের প্রথম নিরাপত্তা বেষ্টনী। উত্তরবঙ্গে লেপার্ড আক্রমণ ঠেকাতে সুন্দরবনের মডেলে নাইলন ফেন্সিং ও ট্র্যাপ ক্যামেরা বসানোর উদ্যোগ নিল বন দফতর। উত্তরবঙ্গের চা-বাগান এলাকায় লেপার্ডের হানা নতুন নয়। গত কয়েক বছরে কলাবাড়ি ও পার্শ্ববর্তী চা-বাগানগুলিতে একের পর এক শিশুমৃত্যুর ঘটনা আতঙ্ক বাড়িয়েছে

শ্রমিক মহল্লায়। অবশেষে সেই দু ঃস্বপ্ন ঠেকাতে সুন্দরবনের পথ অনুসরণ করল বন দফতর। জলপাইগুড়ি জেলার বানারহাট ব্লকের বিন্নাগুড়ি বন্যপ্রাণ শাখার উদ্যোগে কলাবাড়ি চা বাগানের হুলাস লাইন এলাকায় বসানো হল ১০-১২ ফুট উঁচু নাইলনের ফেন্সিং। এর পাশাপাশি বসানো হয়েছে ট্র্যাপ ক্যামেরা। সুন্দরবনে যেভাবে বাঘের হামলা রুখতে বিশেষ নেট ব্যবহার করা হয়, উত্তরবঙ্গে এই প্রথমবার সেই প্রযুক্তির প্রয়োগ। লেপার্ডের ত্রাস কতটা গভীর, তার প্রমাণ চলতি বছরের ১৮ জুলাইয়ের ঘটনা। সাত বছরের এক শিশুকে শ্রমিক লাইনের সামনেই টেনে নিয়ে গিয়েছিল চিতা। পরে উদ্ধার হয় তার নিথর দেহ। এমন হৃদয়বিদারক ঘটনার পর থেকেই বন দফতর মানুষ-বন্যপ্রাণ সংঘাত থামাতে তৎপর। রেঞ্জ অফিসার হিমাদ্রি দেবনাথ জানান, চা বাগান থেকে সরাসরি শ্রমিক মহল্লায় ঢুকে আক্রমণ করছে লেপার্ড। তাই সম্ভাব্য অঞ্চলগুলিতে পরীক্ষামূলকভাবে সুন্দরবনের স্ট্রাটেজি ব্যবহার করা হয়েছে। এটি উত্তরবঙ্গে প্রথম। ফেন্সিং বসানো হয়েছে চা বাগান ও জনবসতির মাঝের গুরুত্বপূর্ণ পয়েন্টগুলিতে। সঙ্গে রয়েছে ট্র্যাপ ক্যামেরা। লক্ষ্য, যেন চা গাছের আড়াল ভেঙে আর কোনও লেপার্ড মানুষের বসতিতে ঢুকতে না পারে। স্থানীয়দের মতে, এই ফেন্সিং অন্তত মানসিক নিরাপত্তা দেবে। এখন তাদের আশা, এই উদ্যোগে অন্তত হামলার সংখ্যা কিছুটা কমবে। বন দফতর জানিয়েছে, পরীক্ষামূলকভাবে সাফল্য মিললে ভবিষ্যতে চিতা-প্রবণ অন্যান্য এলাকাতেও একই ধাঁচে ফেন্সিং ও ক্যামেরা বসানো হবে। মানুষ ও বনের সহাবস্থানে নতুন পথ দেখাল উত্তরবঙ্গ।

UTTARPARA-KOTRUNG MUNICIPALITY
CORRIGENDUM NOTICE
Notice Inviting e-Tender No.: UKM/PWD/APAS/036(e)/2025-26 Date: 09/10/2025 9. Tender ID no.- 2025_MAD_918957_9 (SL-09). The bid Submission Closing date is hereby extended up to 30-12-2025 in place of **08-12-2025.** Date Corrigendum 3 published. For Details: **wbtenders.gov.in**
Sd/- **Chairman, U.K. Municipality**

পূর্ব রেলওয়ে
ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং : এসজিডব্লু.২৭২/২৫২/টি১/৬৩, তারিখ ১০.১২.২০২৫। চিফ সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার/প্রোজেক্ট/এইচকিউ, পূর্ব রেলওয়ে, ৪র্থ তল, ফেয়ারলি প্লেস, ১৭, নেতাজি সুভাষ রোড, কলকাতা-৭০০০০১ নিম্নলিখিত কাজের জন্য নির্ধারিত ফর্মে ন্যূনতম যোগ্যতামান পূরণকারী এবং সমপ্রকৃতির কাজে পর্যাপ্ত অভিজ্ঞতা আছে এরূপ অভিজ্ঞ এবং প্রতিষ্ঠিত কন্ট্রাক্টরদের থেকে দুই প্যাকেট প্রণালীতে ওপেন ই-টেন্ডার আহ্বান করছেন : **অবস্থান সহ কাজের নাম:** ইআই দ্বারা বেলুড়ের পুরনো ও জরাজীর্ণ প্যানেল ইন্টারলকিংয়ের প্রতিস্থাপন । **কাজের আনুমানিক ব্যয় :** ১৭,৩৭,০৪,৭৮২.২৯ টাকা। **বিড সিকিউরিটি:** ১০,১৮,৫০০ টাকা। **কাজ শেষের সময়সীমা:** ১২ মাস। **অফারের বৈধতা :** টেন্ডার খোলার তারিখ থেকে ৩০ দিন। **অনলাইনে টেন্ডার নথিপত্র জমার (বন্ধের) শেষ তারিখ ও সময় :** ০৫.০১.২০২৬ তারিখ দুপুর ৩টে পর্যন্ত। **ওয়েবসাইট ঠিকানা, টেন্ডার নথিপত্র প্রাপ্তির তারিখ ও সময় :** ভারতীয় রেলওয়ের ওয়েবসাইট অর্থাৎ www.ireps.gov.in-তে ১০.১২.২০২৫ তারিখ থেকে। **খোলার তারিখ ও সময় (কারিগরী বিড - ট্যু প্যাকেট সিস্টেম) :** ০৫.০১.২০২৬ তারিখ বিকেল ৪টে। **যে ওয়েবসাইটে টেন্ডার বিড জমা করা যাবে :** বিড কেবলমাত্র অনলাইনেই জমা করা যাবে। ই-টেন্ডার প্রণালীতে অংশগ্রহণ করতে টেন্ডারদাতাগণকে ভারতীয় রেলের ই-প্রোকিওরমেন্ট সিস্টেম (আইআরই পিএস) অর্থাৎ www.ireps.gov.in সাইটে অবশ্যই রেজিস্টার করতে হবে। আবশ্যিক পরিবর্তন, সংশোধনী/সংযোজনী, যদি প্রয়োজন হয়, শুধুমাত্র এই সাইটেই পোস্ট করা হবে। বন্ধের তারিখ ও সময় অবধি দরদাতারা তাঁদের মূল/সংশোধিত বিড জমা করতে পারবেন। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল বিড/অফার অনুমোদিত নয়। কোনও ম্যানুয়াল অফার গৃহীত হলে বর্জন করা হবে। (CON-54/2025-26)
ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

NOTICE
(Publication Notice in Petition under the Indian Succession Act, 1925)
In the Court of Ld. District Judge at Jalpaiguri
O.C Suit No. 7/2025
(Arising out of Misc Judicial (Probate) Case No. 64/2024)
Chhandoraj Das... Petitioner
Publication issued to: General Public
WHEREAS An application for the grant of probate of the Will dated 27/07/2022 executed by the deceased, Dipti Sarkar (Deceased) wife of Late Plaban Sarkar @ Sanjib Sarkar lastly resided at Deshbandhu Nagar, Ward No.13, Goli No. 10, Post Office- Jalpaiguri, Dist-Jalpaiguri, West Bengal, PIN-735101, who passed away on 08/09/2024 in respect of immovable property the details of which is given hereunder in Schedule has been made before this court by Sri. Chhandoraj Das, S/O Dipak Kumar Das, resident of Debnagar, near 73 More, P.O-Debnagar, Dist-Jalpaiguri, West Bengal. Notice is issued in the name of General Public that in case anybody has any objection for the grant of probate, he/she can file objections to the same on or before 15.01. 26 falling which the petition shall be decided in accordance with law.
SCHEDULE
Landed property and permanent structure thereon situated within District-Jalpaiguri, Additional District Registrar, Jalpaiguri, Pargana-Baikunthapur, Mouza- Kharia, Sheet No. 25, Pargana, J.L No. 7, Khatian No. 7197, Plot No. 1974, Land measuring 6 Katha. Land butted and bounded by; North: Land of Moumita Roy, East: PWD Road, South: PWD Road, West: House of Kankan Dhar.
Given under my hand and seal of the Court, this 9 th day of Dec 2025
Sharistadar
Ld. District Judge
Jalpaiguri

এসএনটিপি সালাকাটি য়ার্ডে ট্র্যাফিক ইন্টারলকিং গেটের ব্যবস্থা করা
ই-টেণ্ডার নোটিস নং. ১০৯/ডব্লিউ-২/এপিডিজে তারিখঃ ০৯-১২-২০২৫। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছেঃ **টেণ্ডার সংখ্যা. ২৭-এপি-II-২০২৫। কাজের নামঃ** এসএনটিপি সালাকাটি য়ার্ডের ইন্টারলকিং কাজের সঙ্গে সম্পর্কিত এসএনটিপি সালাকাটি য়ার্ডে ২ টি ট্র্যাফিক ইন্টারলকিং গেটের ব্যবস্থা করা। **টেণ্ডার রাশিঃ** ৫৮,১০,২৮৪.৪৫/- টাকা। **বায়না রাশিঃ** ১,১৬,২০০/- টাকা। **টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ** ০২-০১-২০২৬ তারিখে **১৫.০০** ঘণ্টায় **এবং খোলা যাবেঃ ১৫.৩০** ঘণ্টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।
ডিআরএম (ডব্লিউ), আলিপুরদুয়ার জংশন
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

NOTICE INVITING QUOTATION
NIQ No. 02/HCSD-III of 25-26 of the A.E. Hooghly Construction Sub-Division-III, P.W.D. Are invited from benefited agencies. Last date of Application & Dropping and opening on **18.12.2025 up to 3.00 PM** others details may be seen from the office notice board and also in website **www.wbpwd.gov.in**
Sd/-Assistant Engineer P.W.D Hooghly Construction Sub-Division No-III Nalikul, Hooghly

পূর্ব রেলওয়ে
সিনিয়র ডিভিসনাল ইঞ্জিনিয়ার/সি, পূর্ব রেলওয়ে, হাওড়া, ডিআরএম বিল্ডিং, রেলওয়ে স্টেশনের নিকট, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের জন্য সমপ্রকৃতির কাজে অভিজ্ঞতাসম্পন্ন ও প্রয়োজনীয় আর্থিক সঙ্গতিসম্পন্ন এবং সেচ/সিপিডব্লুডি/এসইবি/এমইএস অথবা কোনও পাবলিক সেক্টর উদ্যোগ-এর সাথে রেজিস্টার্ড টেন্ডারদাতাদের থেকে অনলাইনে ই-টেন্ডার আহ্বান করছেন: **সিনিয়র ডিইএন/এইচকিউ/এইচডব্লুএইচ : ক্র.নং ১, ই-টেন্ডার নং ২২৮_২০২৫-২৬, তারিখ ০৯.১২.২০২৫। কাজের বিবরণ:** এসএসই/পি.ওয়ে/বিএমজি-র অধীনে পি.ওয়ে রক্ষণাবেক্ষণ কাজ (আপ এইচবিসি - ২/০-৬/০, আপ এমএল, ডাউন এমএল ও রিভ এমএল - ২/০-৬/০ ও এসওয়াইএই ও ইএমইউ কারশেড ও বিইকিউ ইয়ার্ড । **আনুমানিক ব্যয়:** ১,১৬,৬৪,৩২৮.৬০ টাকা। **বায়না মূল্য:** ২,০৮,৩০০ টাকা। **কাজ শেষের মেয়াদ:** অ্যাক্সেপটেন্স লেটার ইস্যুর তারিখ থেকে ১২ মাস। **ক্র.নং ২, ই-টেন্ডার নং ২২৯_২০২৫-২৬, তারিখ ০৯.১২.২৫। কাজের বিবরণ:** সিনিয়র ডিইএন/১/এইচডব্লুএইচ-এর অধীনে লাইন নং ১৬, ১৭, ১৮, ১৯-এর সম্প্রসারণ এবং ঝিল সাইডিংয়ে অন্যান্য সংশ্লিষ্ট কাজ। **আনুমানিক ব্যয়:** ১,১৫,৩০,১১০.৮৩ টাকা। **বায়না মূল্য:** ২,০৭,৭০০ টাকা। **কাজ শেষের মেয়াদ:** অ্যাক্সেপটেন্স লেটার ইস্যুর তারিখ থেকে ৪ মাস। **টেন্ডার ফর্মের মূল্য :** শূন্য প্রতিটির জন্য। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় :** ০৮.০১.২০২৬ তারিখ দুপুর ২টো। যদি কোনও অপ্রত্যাশিত কারণে টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত টেন্ডার বন্ধের তারিখে ছুটি/বন্ধ/স্ট্রাইক ঘোষিত হয় তাহলেও অনলাইনে টেন্ডার বন্ধের তারিখের কোন রকম হেরফের হবে না কারণ টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে কোনও অফার জমা করার আবেদন আইআরইপিএস ওয়েবসাইট অনুমোদন করে না। যদিও, পরের দিন অনলাইনে টেন্ডার খোলা হবে। টেন্ডারের বিস্তারিত বিবরণ **www.ireps.gov.in** উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের অফার জমা করতে টেন্ডারদাতাদের অনুরোধ করা হচ্ছে। ই-টেন্ডার সংক্রান্ত বায়নামূল্য জমা (ইএমডি) এবং টেন্ডার নথিপত্রের মূল্য কেবলমাত্র নেট ব্যাঙ্কিং অথবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে গ্রহণযোগ্য হবে। দ্রষ্টব্য : আইআরইপিএস-এ (ই-টেন্ডার পোর্টাল) আহ্বান করা টেন্ডারের জন্য ইএমডি হিসেবে ফিক্সড ডিপোজিট রিসিট (এফডিআর) গ্রহণযোগ্য হবে না। কোনও ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না। কোনও ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না। (HWH-453/2025-26)
ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

Office of the Block Development Officer Suti-I Development Block
Tender Notice
Block Development Officer, Suti-I Dev. Block invites sealed tender for: **1. NIT No:- 08/SBM-G/25/Dev.(2nd Call),** Date: 10.12.2025 under SBM – G, vide **Memo No: 4746(40)/Eng./Dev.**, Dated: 10.12.2025, Total No. of Scheme 05 (five) nos. Last date of Application : **17.12.2025 upto 06.00 pm.** Details visit the web site **https://wbtenders.gov.in** All particulars may be seen in the official notice board of the Undersigned and any one may contact Block Development Officer, Suti-I Dev. Block.
Sd/- Block Development Officer Suti-I Dev. Block, Ahiran Murshidabad

Office of the SADIKPUR GRAM PANCHAYAT
P.O.-SADIKPUR, UNDER SUTI-1 DEV. BLOCK, DIST.- MURSHIDABAD, PIN-742223
1. E.N.I.T No-31/SGP/APAS/2025-2026 Memo no-475/SGP, Dated: 10/12/2025. 2. Last date of Dropping online tender paper: **24.12.2025 up to 4.00 pm**. 3. Date of opening online tender paper **26.12.2025 up to 4.00 pm**.
Sd/- Prodhan Sadikpur Gram Panchayat

সালাকাটি স্টেশনের এনটিপিসি ইয়ার্ডে সুইচ পরিবর্তন
ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. : ১১০/ডব্লিউ-২/এপিডিজে, তারিখ: ০৯-১২-২০২৫; নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে; **টেন্ডার নং ঃ ২৮-এপি-II-২০২৫; কাজের নাম ঃ** ডিইএন/II/আলিপুরদুয়ার জংশনের আওতাধীন সালাকাটি স্টেশনের এনটিপিসি ইয়ার্ডে ১ ইন ৮.৫ সুইচেস পরিবর্তন। **টেন্ডার মূল্য:** ৬৬,০০,৯৮২.৯৩/- টাকা; **বায়না মূল্য:** ১,৩২,০০০/-টাকা; টেন্ডার **বন্ধের** তারিখ ও সময় ০২-০১-২০২৬ তারিখে ১৫:০০ টায় এবং খোলার সময় ১৫:৩০ টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার নথির সাথে সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।
ডিআরএম (ডব্লিউ), আলিপুরদুয়ার জং.
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

Office of The Bikihakola Gram Panchayat
Bikihakola, Panchla, Howrah
Tender Notice No.- BHGP/245/APAS/2025, Date:- 09/12/2025
The Prodhan, Bikihakola Gram Panchayat invites sealed tender for **4 (Four)Nos**. different works. Bid submission start date (online):-**10.12.2025 at 06.55 pm**. Bid Submission closing date (online):-**19.12.2025 at 01.00 pm**. Date of opening:- i) TECHNICAL BID- **22.12.2025, 01.10 PM** AND ii) FINANCIAL BID- To be notified latter on. For details please visit office of the undersigned on any working days.
Sd/- Prodhan Bikihakola Gram Panchayat

নিষিদ্ধ ইয়াবা ট্যাবলেট সহ গ্রেফতার ২
নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ দিনাজপুর, ১১ ডিসেম্বরঃ সীমান্তে পাচারের আগেই নিষিদ্ধ ইয়াবা ট্যাবলেট সহ দুই ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ। গঙ্গারামপুর থানার আশ্রমঘাট এলাকায় ঘটনাটি ঘটেছে। ধৃতদের এদিন গঙ্গারামপুর মহকুমা আদালতে পাঠান